

শিক্ষা ইতিহাস

তারিখ
পৃষ্ঠা ৩০ কলাম ৪

ছাত্র-শিক্ষকের মধ্যে বন্ধুত্বপূর্ণ সম্পর্ক নেই বললেই চলে

শিক্ষামন্ত্রী

ইত্তেফাক রিপোর্ট ৯ দেশের অধিকাংশ শিক্ষা প্রতিষ্ঠান বিশেষ করে উচ্চশিক্ষার বিভিন্ন স্তরে ছাত্র-শিক্ষকের মধ্যে বন্ধুত্বপূর্ণ সম্পর্ক নেই বললেই চলে। শিক্ষক-শিক্ষিকাদের এবং অভিভাবকদের অনেকে তেমন কেয়ার করেন না। শিক্ষার উন্নয়নে এই অবস্থার পরিবর্তন জরুরী। গতকাল বুধবার স্থানীয় একটি হোটেলে ইনস্টিটিউট অব বিজনেস (২য় পৃষ্ঠায় ১-এর কঃ দ্রঃ)

শিক্ষামন্ত্রী

(প্রথম পৃষ্ঠার পর)

এডমিনিস্ট্রেশন এন্ড টেকনোলজিক্যাল স্টাডিজ-এর বিবিএ এবং কম্পিউটার সায়েন্স কোর্সের উদ্বোধনকালে শিক্ষামন্ত্রী একথা বলেছেন। অনুষ্ঠানে অন্যান্যের মধ্যে বক্তৃতা করেন বোর্ড অব ইনভেস্টমেন্ট-এর চেয়ারম্যান মাহমুদুর রহমান এবং জাতীয় বিশ্ববিদ্যালয়ের ভিসি প্রফেসর আব্দুল মমিন চৌধুরী।

শিক্ষামন্ত্রী দেশে দক্ষ জনশক্তি তৈরীর জন্য তথ্য, যোগাযোগ ও প্রযুক্তিগত শিক্ষার প্রয়োজনীয়তার উপর গুরুত্ব আরোপ করে বলেন, এখাতে অগ্রগতির উপর যে কোন দেশের ভবিষ্যৎ উন্নতি নির্ভরশীল। তিনি দেশে গুণগত ও মানসম্পন্ন শিক্ষা নিশ্চিত করার লক্ষ্যে সরকারী ও বেসরকারী শিক্ষা প্রতিষ্ঠানসমূহকে আরো তৎপর হবার আহবান জানান।

অনুষ্ঠানে আইবিএটির শিক্ষক, কর্মকর্তা-কর্মচারী এবং ছাত্র-ছাত্রী ও তাদের অভিভাবকবৃন্দ উপস্থিত ছিলেন।